



আইআরজিসির দাবি: ইরানের হামলায় ২০০ মার্কিন সেনা নিহত



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার জবাবে তেহরান পাল্টা হামলা চালিয়েছে। ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) দাবি করেছে, তাদের ক্ষেপণাস্ত্র অভিযানেই অন্তত ২০০ মার্কিন সেনা নিহত হয়েছেন। তেহরান এই অভিযানের সাফল্যকে ‘অপারেশন ট্রুথফুল প্রমিজ ৪’ হিসেবে প্রচার করেছে। রুশ সংবাদ সংস্থা তাস নিউজ জানিয়েছে, মধ্যপ্রাচ্যে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিতে লক্ষ্যভিত্তিক হামলায় উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেছে। আইআরজিসি এমনকি একটি মার্কিন রণতরীও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করার দাবি তুলেছে।

অন্যদিকে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) এই দাবিকে সম্পূর্ণ মিথ্যা বলে উড়িয়ে দিয়েছে। আল জাজিরার সঙ্গে দেওয়া এক সাক্ষাৎকারে সেন্টকমের মুখপাত্র বলেছেন, “আইআরজিসির পক্ষ থেকে ২০০ মার্কিন সেনার নিহত বা আহত হওয়ার যে দাবি করা হচ্ছে, তা ভিত্তিহীন। আমাদের কোনো জাহাজও ক্ষতিগ্রস্ত হয়নি।” সেন্টকম জানিয়েছে, তাদের প্রতিরক্ষা ব্যবস্থা অধিকাংশ ইরানি হামলা প্রতিহত করেছে এবং এখন পর্যন্ত কোনো বড় ধরনের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি। দুই পক্ষের পরস্পরবিরোধী দাবির কারণে মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বেড়েছে।